ইন্টারভিউতে নিজেকে বিশ্বাসযোগ্যভাবে প্রমাণ করার জন্য আপনার একটি মাত্র সুযোগ রয়েছে।

অ্যাটর্নি ফরহাদ শেঠনা ২০২০

- ☐ এটা খুব গুরুত্বপূর্ণ যে একজন ব্যক্তি যিনি আমেরিকার বর্ডারে পৌঁছে রাজনৈতিক আশ্রয় দাবি করেছেন। আশ্রয় কর্মকর্তা(পুলিশ) যে ধরণের প্রশ্ন জিজ্ঞাসা করবেন তার উত্তর দেওয়ার জন্য প্রস্তুতি রাখুন।

- ☐ আশ্রয়দাতা অফিসার (পুলিশ)বা শুল্ক ও সীমান্ত সুরক্ষাকারীর সাথে সাক্ষাৎকারের পূর্বে রাজনৈতিক আশ্রয় প্রার্থীকে কী ধরনের প্রশ্ন করা হবে এবং কী ধরনের প্রস্তুতি তার নেওয়া উচিত সে সম্পর্কে আমি কিছু গাইডেন্স দিচ্ছি।

- ☐ পটভূমি হিসাবে, যে কেউ যুক্তরাষ্ট্রে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করবেন ,তাদের অবশ্যই আশ্রয় অফিসে প্রমাণ করতে হবে যে, তারা তাদের দেশের বাড়িতে নির্যাতনের শিকার হয়েছে এবং তাদের ভয় রয়েছে ভবিষ্যতেও তাদের উপর পুনরায় নির্যাতন করা হবে।

- ☐ এই ধরনের অত্যাচার অবশ্যই আবেদনকারীর জাতি, ধর্ম, জাতীয়তা, নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীতে সদস্যতা বা রাজনৈতিক মতামতের কারণে হতে হবে ।

- ☐ অর্থনৈতিক কষ্ট বা সাধারণ অপরাধমূলক সহিংসতা

আশ্রয়ের কোনও ভিত্তি নয়।

- ☐ অধিকন্তু, আবেদনকারীকে অবশ্যই প্রমান করতে হবে যে সে নিরাপদে নিজের দেশের অন্য কোন স্থানে স্থানান্তর করতে পারবেনা, কারণ সেখানেও তাকে খুঁজে বের করে নির্যাতিত করা হবে।

- ☐ যেমনটি আমি আমার ক্লায়েন্টদের বলছি: সত্য বলুন, ঘটনাগুলিকে স্মরন করুন, কোনও মিথ্যা বলবেন না বা কোনও মিথ্যা গল্পও বলবেন না।

সাধারণত, আশ্রয় কর্মকর্তা(আমিরিকান প্রশাসন) যে ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে। যেমন:

- আপনার পুরো নাম এবং জীবনী সংক্রান্ত বিবরণ-বয়স, জন্ম তারিখ ইত্যাদি।
- আপনার পিতামাতার নাম, ঠিকানা এবং যুক্তরাষ্ট্রে আত্মীয় বা পরিবারিক বন্ধু তাদের ফোন নম্বর ,যার সাথে আপনি থাকতে পারেন ...
- আপনি কীভাবে মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছেন, আপনি কোন দেশগুলির মধ্য দিয়ে ভ্রমণ করে আমিরিকায় এসেছেন ?
- গুরুত্তপূর্ন বিষয়: ঐ সময় আপনি যে দেশগুলির মধ্য দিয়ে ভ্রমণ করেছেন, বিশেষত মেক্সিকো, গুয়াতেমালা বা হন্ডুরাস, এই দেশগুলোতে আপনে আশ্রয়ের আবেদন করে থাকলে, যদি তারা আপনাকে আশ্রয়ের সুযোগ না দেয় তাহলে সেই বিষয়টি আশ্রয়কর্মকর্তা অফিসারকে অবগত করুন ।

"এটি খবুই গুরুত্বপূর্ণ বিষয়: কারণ মার্কিন সরকার আবেদন করেছে যে, মার্কিন যুক্তরাষ্ট্র আসার আগে আশ্রয়প্রার্থীদেরকে এই দেশগুলোতে আশ্রয়ের অধিকার দেওয়া উচিত "।

- আপনি কি নিজের দেশে ক্ষতিগ্রস্থ হয়েছেন?
- খুব সুনির্দিষ্ট হতে হবে- কেন আপনি নির্যাতিত হলেন? (আরও তথ্যের জন্য নীচে দেখুন) ।
- আপনাকে কি শারীরিকভাবে আক্রমণ করা হয়েছিল?
- আপনি কি আহত হয়েছেন ?
- আপনি কি শারীরিক ভাবে আহত হয়েছেন?
- কে আপনাকে আক্রমণ করেছে?
- কোন অস্ত্র ব্যবহার করা হয়েছিল ?
- এটি কোন তারিখে ঘটেছিল- সপ্তাহের কোন দিনটি ছিল ?
- আপনি কি ডাক্তার বা হাসপাতালে গেয়েছেন ?
- আপনি কি ধরনের চিকিৎসা নিয়েছেন ?
- আপনি কি নিজের আহত এবং সেই আঘাতের সম্ভাব্য কারণ প্রমাণ করে নথি(ডাঃ বা হসপিটাল এর কাগজ পত্র) পেষ করতে পারবেন ?
- যারা আপনাকে আঘাত করেছে তাদের নাম কি ?
- আপনার বিরুদ্ধে অন্য কোনও ফলো-আপ হুমকি বা আক্রমণ আছে?
- আক্রমণকারীরা বা অন্য কোন ব্যক্তি কি আক্রমণটির পরে আপনাকে খুঁজেছিল?

- অন্য কোনও ব্যক্তি কি আহত হয়েছেন বা আপনার

পরিবারের অন্যান্য সদস্যদের কি হুমকি দেওয়া হয়েছিল? (এখানেও পূর্বে উল্লেখিত প্রশ্নগুলো পুনরায় জিজ্ঞেসা করতে পারে)।

- আপনি কি পুলিশের কাছে গিয়েছেন ?
- পুলিশ কি করেছে বা কি বলেছে ?
- তারা কি বিবৃতি দিয়েছে ?
- পুলিশ কি তাদের গ্রেপ্তার করার চেষ্টা করেছিল যারা আপনাকে আঘাত করেছে ?
- কি হয়েছিল?

- আপনি কি নিরাপদে নিজের দেশে ফিরে যেতে পারবেন ?
- আপনি কি নিজের দেশে অন্য কোনও জায়গায় যেতে পারেন ? যেখানে আপনি নিরাপদ থাকবেন ।
- কেন পারবেন না?

কেবল "তারা আমাকে খুঁজে পাবে" এ ধরনের উত্তর দিবেন না। তারা কীভাবে আপনাকে খুঁজে পাবে? আপনার দেশের আইনগুলো কীভাবে কাজ করে তা ব্যাখ্যা করুন?

- কেন আপনি নির্যাতিত হলেন ?
- এটা কি আপনার জাতি নিয়ে?
- এটা কি আপনার ধর্ম নিয়ে?
- এটা কি আপনার রাজনৈতিক মতামতের কারনে ?

- এটি কি নির্দিষ্ট সামাজিক গ্রুপে আপনার সদস্যতার কারনে হয়েছিল ?
- এটি কি আপনার জাতীয়তার কারনে হয়েছিল ?
- আপনাকে যে কারনে নিপীড়ন করা হয়েছিল তার সমস্ত কারণগুলি তালিকাভুক্ত করুন। পরে অভিযোগ করবেন না যে,আপনার আশ্রয় কর্মকর্তাকে আপনার পুরো গল্প বলার সুযোগ হয়নি। আপনি কি ধরনের ভয় পেয়েছেন যে, আপনি যদি আপনার দেশে ফিরে যান তবে আপনাকে নির্যাতন করা হবে ?
- কারা আপানাকে নির্যাতন করবে ?
- কিভাবে আপানাকে নির্যাতন করবে ?
- তারা আপনাকে কি করবে ?

সাধারণ উপদেশ:

পরিশেষে, আমি আপনাদের বলছি এই কথাটা খুব ভাল ভাবে মনে রাখবেন। যদি আপনি দোভাষীর কথা বুঝতে না পারেন, অথবা দোভাষী বা আশ্রয়দানকারী অফিসারের সাথে টেলিফোনে কথা বলার সময় সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে এবং আপনি তাদের কথা পুরোপুরি বা সঠিকভাবে শুনতে বা বুঝতে না পারেন, তাহলে আশ্রয় কর্মকর্তাকে অবিলম্বে জানাতে পারেন। আপনি কেবল মাত্র একটি সুযোগ পাবেন নিজেকে প্রমান করানোর জন্য ,আপনি যদি এই সুযোগটি গোলমাল করেন, তবে আপনি পরে অভিযোগ করতে পারবেন না যে, আপনি অফিসারের কথা শোনেননি বা আপনি দোভাষীর কথা বুঝতে পারেননি।
"এই বিষয় গুলো আশ্রয়ের ইনটারভিউর (সাক্ষাৎকারের)

সময় দাবি করুন"।
বর্তমানে যে দোভাষী আছে, আপনি যদি তার কথা বুঝতে না পারেন এবং তিনি যদি সঠিকভাবে অনুবাদ করতে না পারে তাহলে আপনি ভালো একজন দোভাষীর আবেদন করুন।

এই সময়টি আপনার জন্য খুবই গুরুত্তপূর্ন সময়। ইন্টারভিও দেওয়ার আগে আপনার যদি কোনও অ্যাটর্নির সাথে দেখা করার প্রয়োজন বা কারও কাছ থেকে পরামর্শ নেওয়ার প্রয়োজন হয় তবে অতিরিক্ত সময় চান।
আমি বলছি, এখন চুপচাপ থাকার সময় নয়। এটাই একমাত্র সময়।নিজেকে রক্ষা করার এবং যুক্তরাষ্ট্রে আশ্রয়ের আবেদন করার অধিকারটি রক্ষা করার। সুতরাং চিন্তা ভাবনা করে সমস্ত প্রশ্নের উত্তর দিবেন।

অ্যাটর্নি ফরহাদ শেঠনা ২০২০

ফরহাদ শেঠনা, ২৫ বছরেরও বেশি সময় ধরে আইন অনুশীলন করছেন। ১৯90 সালে তিনি জি.ডি এবং ১৯৯১ সালে তিনি এম.বি.এ. শেষ করেন আক্রনের বিশ্ববিদ্যালয় থেকে। ১৯৯৬ সাল থেকে তিনি ওহিওর আকরনের আক্রন বিশ্ববিদ্যালয়ের অভিবাসন বিষয় আইনের অধ্যাপক হিসাবে তার কর্ম জীবন শুরু করেন। সেখানে তিনি নিজের ইমিগ্রেশন পাঠ্য বইটি লিখেন এবং অনুশীশনও শুরু করেন।
অ্যাটর্নি শেঠনা অব্যাহত আইনী শিক্ষা এবং বিভিন্ন অভিবাসন সম্পর্কিত বিষয়ে পেশাদার বিকাশ সেমিনারে নিয়মিত তিনি বক্তৃতা করেন এবং তিনি অভিবাসন নিয়ে অনুশীলন বা ওকালতি করেন এবং তিনি নিজেকে ছোট ব্যবসা- বাণিজ্যের

মধ্যে সীমাবদ্ধ রেখেছেন। তিনি শিক্ষকতা এবং প্রো-বোনো পরিষেবার জন্য শ্রেষ্ঠত্বের পুরষ্কার জিতেছেন। সোওয়াইগা ফলস, অ্যাক্রন এবং নিউ ফিলাডেলফিয়া, ওহাইওতেও তার নিজস্ব অফিস আছে, অ্যাটর্নি শেঠনা সমস্ত ধরণের অভিবাসন মামলায় ক্লায়েন্টদের ফেডারেল এজেন্সি এবং দেশব্যাপী অভিবাসন আদালতের সামনে প্রতিনিধিত্ব করেন। একজন প্রাইভেট পাইলটের মত ফরহাদের লক্ষ ওহাইওর ৮৮ টি বিমানবন্দরগুলির প্রতিটিতে উড়াল দেওয়া।

আপনি আপনার সাধারণ ইমিগ্রেশন সম্পৃক্ত প্রশ্নগুলি "AttorneySethna@immigration-america.com" এই ইমেইলে প্রেরণ করতে পারেন । যথাসম্ভব আমরা আপনার প্রশ্নগুলোর উত্তর দেওয়ার চেষ্টা করব।
যোগাযোগ: (330) -384-8000.

Last modified: 7:59 pm